The Daily Observer



Although winter is not yet over, some mango trees have begun sprouting early in the capital. The photo was taken on Friday at Dhaka University campus. PHOTO: OBSERVER

The New Age

Winter fest, victory concert held at DU Ruqayyah Hall

Bangladesh Sangbad Sangstha - Dhaka

THE Ruqayyah Hall Student Association at Dhaka University on Friday held a Winter Festival and Victory Concert on the hall premises.

DU vice-chancellor Professor Niaz Ahmad Khan attended the event as the chief guest.

Ruqayyah Hall provost Professor Hosne Ara Begum along with residential teachers and students of the hall enjoyed the concert.

দৈনিক শিক্ষাডটকম

ঢাবির রোকেয়া হলে হিম উৎসব ও বিজয় কনসার্ট

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক

প্রকাশিত: ৩০ জানুয়ারি, ২০২৬ ০৬:১৪ অপরাহ্ন



ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) রোকেয়া হল সংসদের উদ্যোগে হিম উৎসব ও বিজয় কনসার্ট অনুষ্ঠিত হয়। শুক্রবার (৩০ জানুয়ারি) রোকেয়া হল প্রাঙ্গণে এ আয়োজন হয়েছে। উৎসবমুখর পরিবেশে আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের সৃজনশীলতা ও নেতৃত্ব বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এমন আয়োজন শিক্ষার্থীদের মানসিক বিকাশের পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক চর্চাকে আরও সমৃদ্ধ করে।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রোকেয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. হোসনে আরা বেগম। তিনি রোকেয়া হল সংসদের এমন উদ্যোগকে সাধুবাদ জানান এবং শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রমের পাশাপাশি সংস্কৃতি ও সহশিক্ষা কার্যক্রমে সক্রিয় থাকার আহ্বান জানান।

অনুষ্ঠানে রোকেয়া হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। বিজয় কনসার্টে শিক্ষার্থীদের পরিবেশনায় গান, নৃত্য ও সাংস্কৃতিক পরিবেশনা দর্শকদের মুগ্ধ করে।

হিম উৎসব ও বিজয় কনসার্টের মাধ্যমে রোকেয়া হল প্রাঙ্গণ প্রাণবন্ত ও উৎসবমুখর হয়ে ওঠে।